পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১ ।

স্মারক নং- ইআবি/পনি/ফাজিল পাস/২০২৩/ ৪৫৭

২৬ রবি আউ : ১৪৪৬ হিঃ
৩০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ
১৫ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ

# বিজ্ঞপ্তি

## ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৩ এর পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত ।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৩ এর নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট, রিটেইক ও মান-উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণের নিমিত্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন করতে হবে। এতদসংক্রান্ত কার্যক্রম, নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

১। অন-লাইনে (eFF) আবেদন ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলী:

| ক্রম | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | বিলম্ব ফি ব্যতীত ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৩ এর অনলাইন eFF এর তারিখ | ১৭-১০-২০২৪ থেকে ০৫-১১-২০২৪ পর্যন্ত |
| ০২ | বিলম্ব ফি ব্যতীত ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষের পরীক্ষা-২০২৩ এর ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ | ০৭-১১-২০২৪ থেকে ১৪-১১-২০২৪ পর্যন্ত |
| ০৩ | বিলম্ব ফিসহ ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৩ এর অনলাইন eFF এর তারিখ | ০৬-১১-২০২৪ থেকে ১৭-১১-২০২৪ পর্যন্ত |
| ০৪ | বিলম্ব ফিসহ ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষের পরীক্ষা-২০২৩ এর ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ | ১৮-১১-২০২৪ থেকে ২১-১১-২০২৪ পর্যন্ত |
| ০৫ | বিলম্ব ফি ব্যতীত ও বিলম্ব ফি সহ পরীক্ষার ফি, আনুষঙ্গিক ফি জমা রশিদ, অনলাইনে আবেদন ফরম পূরণ (eFF) এর পর প্রাপ্ত পরীক্ষার্থী তালিকা (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) এবং আনুষঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার তারিখ। (নির্ধারিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি জমা রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণ করা হবে না।) | পরবর্তিতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে |
| ০৬ | কেন্দ্রভিত্তিক পরীক্ষার্থীদের প্রবেশপত্র ডাউনলোড করার তারিখ । | |
| ০৭ | কেন্দ্রভিত্তিক পরীক্ষার্থীদের স্বাক্ষরলিপি ডাউনলোড করার তারিখ । | |
| ০৮ | কেন্দ্রভিত্তিক পরীক্ষার্থীদের প্রবেশপত্র সংশ্লিষ্ট মাদরাসায় পৌঁছানোর তারিখ। | |
| ০৯ | প্রবেশপত্র সংক্রান্ত অভিযোগ, সংশোধন ও সংশোধিত প্রবেশপত্র ডাউনলোড করার তারিখ । | |
| ১০ | বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd থেকে পরীক্ষার্থীদের কেন্দ্র ভিত্তিক ডিআর তালিকা (DR List) এর চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ | |

২। পরীক্ষার্থীর যোগ্যতা :

ক) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৩ (তিন) বছর মেয়াদি ফাজিল (স্নাতক) পাস নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ১ম বর্ষ পরীক্ষা-২০২৩, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৩ (তিন) বছর মেয়াদী ফাজিল (স্নাতক) পাস নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ফাজিল ২য় বর্ষ পরীক্ষা-২০২৩ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৩ (তিন) বছর মেয়াদী ফাজিল (স্নাতক) পাস নিয়মিত ও প্রাইভেট হিসেবে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ফাজিল ৩য় বর্ষ পরীক্ষা-২০২৩ এ অংশ গ্রহণ করতে পারবে।

খ) যে সকল ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ফাজিল (স্নাতক) পাস নিয়মিত ও প্রাইভেট শ্রেণিতে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে কিন্তু ফাজিল ১ম বর্ষ পরীক্ষা-২০২১ বা ২০২২ তে অংশগ্রহণ করেনি/অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থী ফাজিল ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষে ভর্তিকৃতদের সাথে ১৭৫.০০ (একশত পঁচাত্তর) টাকা পুনঃভর্তি ফি ইতিপূর্বে ভর্তি ফান্ডে জমা না দেয়া হলে অনুচ্ছেদ ১১ নং নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে। ব্যাংকে জমাদান সাপেক্ষে ফাজিল ১ম বর্ষ পরীক্ষা-২০২৩ এ অংশগ্রহণ করতে পারবে।

গ) যে সকল ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ের ফাজিল (স্নাতক) পাস ১ম বর্ষ পরীক্ষা-২০২১ এ উত্তীর্ণ হয়েছে কিন্তু ফাজিল ২য় বর্ষ পরীক্ষা-২০২২ এ অংশগ্রহণ করেনি/ অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থী ফাজিল ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ২য় বর্ষে ভর্তিকৃতদের সাথে ১৭৫.০০ (একশত পঁচাত্তর) টাকা পুনঃভর্তি ফি ইতিপূর্বে ভর্তি ফান্ডে জমা না দেয়া হলে অনুচ্ছেদ ১১ নং নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে। ব্যাংকে জমাদান সাপেক্ষে ফাজিল ২য় বর্ষ পরীক্ষা-২০২৩ এ অংশগ্রহণ করতে পারবে।

ঘ) যে সকল ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ের ফাজিল (স্নাতক) পাস ২য় বর্ষ পরীক্ষা-২০২১ তে উত্তীর্ণ হয়েছে কিন্তু ফাজিল ৩য় বর্ষ পরীক্ষা-২০২২ তে অংশগ্রহণ করেনি/অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থী ফাজিল ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ৩য় বর্ষে ভর্তিকৃতদের সাথে ১৭৫.০০ (একশত পঁচাত্তর) টাকা পুনঃভর্তি ফি ইতিপূর্বে ভর্তি ফান্ডে জমা না দেয়া হলে অনুচ্ছেদ ১১ নং নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে। ব্যাংকে জমাদান সাপেক্ষে ফাজিল ৩য় বর্ষ পরীক্ষা-২০২৩ এ অংশগ্রহণ করতে পারবে।

ঙ) যে সকল ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ের ফাজিল (স্নাতক) পাস ২য় বর্ষ পরীক্ষা-২০২২ এ উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থী ফাজিল (স্নাতক) পাস ৩য় বর্ষ পরীক্ষা-২০২৩ এ অংশগ্রহণ করতে পারবে ।

চ) যে সকল পরীক্ষার্থীর ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষে Retake ছিল কিন্তু উল্লেখিত বর্ষে Retake কোর্সে ফরম পূরণ করেনি অথবা পরীক্ষায় অনুপস্থিত ছিল অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে, সেই সকল পরীক্ষার্থী পূর্ববর্তী বর্ষে অবনীত হবে ।

৩। রিটেইক (Retake):

ক) যে সকল পরীক্ষার্থী ফাজিল (স্নাতক) পাস ১ম বর্ষ পরীক্ষা-২০২২ এ অংশগ্রহণ করে কোন ১টি বিষয়ে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে, তাদেরকে ২০২৩ সালের ফাজিল ১ম বর্ষ পরীক্ষার সাথে উক্ত বিষয়ে রিটেইক (Retake) দিতে হবে । এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে ।

খ) যে সকল পরীক্ষার্থী ফাজিল ২য় বর্ষ পরীক্ষা-২০২২ এ অংশগ্রহণ করে কোন ১টি বিষয়ে F গ্রেড পেয়ে ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে, তাদেরকে ২০২৩ সালের ফাজিল ২য় বর্ষ পরীক্ষার সাথে উক্ত বিষয়ে রিটেইক (Retake) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে । এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে ।

গ) যে সকল পরীক্ষার্থী ফাজিল ৩য় বর্ষ পরীক্ষা-২০২২ এ অংশগ্রহণ করে কোন ১টি বিষয়ে F গ্রেড পেয়েছে তাদেরকে ২০২৩ সালের ফাজিল ৩য় বর্ষ পরীক্ষার সাথে উক্ত বিষয়ে রিটেইক (Retake) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে । এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে ।

ঘ) রিটেইক (Retake) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি বিষয় ৩৫০.০০ (তিনশত পঞ্চাশ) টাকা ফি ব্যাংকে জমাদান সাপেক্ষে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে । পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের জন্য অবশ্যই Online এ (eFF এর মেনুতে) রিটেইক (Retake) ফরম পূরণ করতে হবে । অনুচ্ছেদ ১১ নং নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে ।

৪। মানোন্নয়ন পরীক্ষা:

ক) কোন পরীক্ষার্থী ২০২২ সালের ১ম বর্ষের ফল-এ মানোন্নয়ন করতে চাইলে যাদের গ্রেড পয়েন্ট ৫.০০ এর কম তারা ২০২৩ সালের ১ম বর্ষের পরীক্ষার সাথে সকল বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে । এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে ।

খ) কোন পরীক্ষার্থী ২০২২ সালের ২য় বর্ষের ফল-এ মানোন্নয়ন করতে চাইলে যাদের গ্রেড পয়েন্ট ৫.০০ এর কম তারা ২০২৩ সালের ২য় বর্ষের পরীক্ষার সাথে সকল বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে । এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে ।

গ) কোন পরীক্ষার্থী ২০২২ সালের ৩য় বর্ষের ফল-এ মানোন্নয়ন করতে চাইলে যাদের গ্রেড পয়েন্ট ৫.০০ এর কম তারা ২০২৩ সালের ৩য় বর্ষের পরীক্ষার সাথে সকল বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে । এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে ।

ঘ) মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি পত্র ৩৫০.০০ (তিনশত পঞ্চাশ) টাকা ফি ব্যাংকে জমাদান সাপেক্ষে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবর আবেদন করতে হবে । পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের জন্য অবশ্যই Online এ (eFF এর মেনুতে) মানোন্নয়ন ফরম পূরণ করতে হবে । অনুচ্ছেদ ১১ নং নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে ।

৫। রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলী :

রেজিস্ট্রেশন নম্বর ছাড়া ফরম পূরণের আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে । সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে পরীক্ষার ফরম পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন ।

৬। পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :

পরীক্ষার্থীদেরকে সর্বশেষ প্রচলিত ফাজিল (স্নাতক) পাস নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট শ্রেণির জন্য প্রণীত পাঠক্রম-পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে ।

৭। অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী :

ক) eFF এর Login Password এর ক্ষেত্রে eSIF এর Login Password ব্যবহার করতে হবে । প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে শিক্ষার্থীদের সংখ্যা অনুযায়ী এ্যাকাউন্ট ম্যানেজমেন্ট সফ্টওয়্যার থেকে Payslip Download করে সমপরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত মূল Payslip অবশ্যই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দফতরে জমা দিতে হবে ।

খ) অসম্পূর্ণ আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং এর দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষকে বহন করতে হবে ।

৮। পরীক্ষার্থীদের যাবতীয় ফি-এর হার নিম্নরূপ:

| পরীক্ষার নাম | পরীক্ষার ফি (প্রতি পত্র) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি শিক্ষার্থী) | নম্বর পত্র ফি | মূল সনদ ফি | মোট (বিলম্ব ফি ব্যতীত) | ব্যবহারিক ফি সহ | রিটেইক/ মানোন্নয়ন ফি (প্রতি পত্র) | বিলম্ব ফি | পুনঃ ভর্তি ফি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ফাজিল (স্নাতক) পাস ১ম বর্ষ নিয়মিত, অনিয়মতি ও প্রাইভেটসহ | ২২৫/= (৪ টি কোর্স) | - | ৫/= | - | - | ৯০৫/= (রিটেইক/মানোন্নয়ন ফি ব্যতীত) | - | ৩৫০/= | ৩০০/= | ১৭৫/= |
| ফাজিল (স্নাতক) পাস ২য় বর্ষ নিয়মিত, অনিয়মতি ও প্রাইভেটসহ | ২২৫/= (৪ টি কোর্স) | ৭৫/= | ৫/= | - | - | ৯০৫/= (রিটেইক, মানোন্নয়ন ও ব্যবহারিক ফি ব্যতীত) | ৯৮০/= | ৩৫০/= | ৩০০/= | ১৭৫/= |
| ফাজিল (স্নাতক) পাস ৩য় বর্ষ নিয়মিত, অনিয়মতি ও প্রাইভেটসহ | ২২৫/= (৬ টি কোর্স) | ৭৫/= | ৫/= | ২৫০/= | ৫০০/= | ২১০৫/= (ব্যবহারিক ফি ব্যতীত) | ২২৫৫/= (দুই পত্র বিশিষ্ট) ২৩৩০/= (তিন পত্র বিশিষ্ট) | ৩৫০/= | ৩০০/= | ১৭৫/= |

৯। পরীক্ষার কেন্দ্র ফি-এর হার :

ক) ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য়, ৩য় বর্ষ নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষা-২০২৩-এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি বাবদ ৪০০.০০ (চারশত) টাকা (ব্যবহারিক পরীক্ষা ব্যতীত) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট নগদ জমা দিতে হবে ।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন । বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি হতে বহন করতে হবে ।

১০। ক) পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি অনুচ্ছেদ ১১ নং নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে। টাকা জমা দেয়ার Payslip, টপশিট, তথ্য ফরম ও আনুষঙ্গিক কাগজপত্রসহ উপরে বর্ণিত সময়সূচি অনুযায়ী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অফিস চলাকালীন সময়ে জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। অন্যথায় এর দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

খ) ব্যাংকে টাকা জমার পর মাদরাসার অধ্যক্ষ টাকা জমা Payslip এর বিপরীতে পৃষ্ঠায় মাদরাসার সীলমোহরসহ স্বাক্ষর করবেন।

গ) কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।

ঘ) বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি-এর টাকা জমা দেয়ার রশিদ গ্রহণ করা হবে না।

ঙ) টাকা জমার মূল রশিদ এবং অন্যান্য কাগজপত্র জমা দেয়ার সময় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর হালনাগাদ অধিভুক্তি নবায়ন কপি এবং গভর্নিং বডি অনুমোদন কপি অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় পরীক্ষা সংক্রান্ত কোন কাগজপত্র গ্রহণ এবং বিতরণ করা হবে না।

১১। পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি জমা দেয়ার নিয়মাবলী

প্রথম ধাপ : iau.edu,bd/payment তে প্রবেশ করুন।
দ্বিতীয় ধাপ : EIIN ও Password দিয়ে Login করুন।
তৃতীয় ধাপ : Payment Information এ ক্লিক করুন।
চতুর্থ ধাপ : সংশ্লিষ্ট পরীক্ষার Payslip Download করে অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন শাখায় টাকা জমা দিন।
(Payslip Download করতে কোন সমস্যা হলে ০১৭১৮-৯৫৫৫৯৬ এই নাম্বারে যোগাযোগ করুন।)

১২। অন্যান্য বিষয় সংক্রান্ত :

অবৈধ রেজিস্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলি হওয়ার কারণে ২০২৩ সালে পরীক্ষা দেওয়ার যোগ্য নয় এমন ধরণের ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ এ বিষয়ে দায়ী থাকবেন এবং ঐ সকল পরীক্ষার্থীদের ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১৩। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফাজিল স্নাতক (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৩ এর নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

মাননীয় ভাইস-চ্যান্সেলর এর অনুমোদনক্রমে

এ, কে, এম আক্তারুজ্জামান
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

জরুরী প্রয়োজনে
ফাজিল (স্নাতক) পাস শাখা, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
মোঃ মুরাদ হোসেন, সেকশন অফিসার-০১৯৭৭-৭৭৭৪০৭ (১ম বর্ষ)
মোঃ আসাদুজ্জামান, সেকশন অফিসার- ০১৭১৩৫৫৬১৭৬ (১ম বর্ষ)
ফারজানা তানিয়া, সেকশন অফিসার- ০১৫১৫-২৮২৫৮২ (২য় বর্ষ)
মোঃ শফিকুল ইসলাম, সেকশন অফিসার-০১৯২৬-০০৮০৭৫ (২য় বর্ষ)
মোঃ মহিববুল্লাহ, সেকশন অফিসার- ০১৫৭১-৭২৪০২২ (৩য় বর্ষ)
মোঃ আব্দুস সামাদ আজাদ, সেকশন অফিসার- ০১৭৪৫-১৫৪২৮৬ (৩য় বর্ষ)
জাকির হোসাইন, সেকশন অফিসার- ০১৭০৯-৩৮৯০০৭/০১৯১৪-০৪৬১৯৪ (আইসিটি)

স্মারক নং- ইআবি/পনি/ফাজিল পাস/২০২৩/৪৫৯

তারিখঃ ৩০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরিচালক, অর্থ ও হিসাব শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. অধ্যক্ষ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা।
৪. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. ট্রেজারার মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. সকল কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৮. জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দফতর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. অফিস কপি।

৩০/০৯/২৪
(আসাদুজ্জামান)
সেকশন অফিসার
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।